গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা।
www.lgd.gov.bd

মুজিব MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩৩৯.২০১৭-১৯১

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক বাস্তবায়নাধীন রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ জেলা ব্যতিত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ এর সভাপতিতে এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন নিম্নবর্ণিত প্রকল্পটি ওপর গত ০৮/০৩/২০২১ তারিখে ভিডিও কনফারেন্সিং (ভার্চুয়ালি) এর মাধ্যমে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভা অনুষ্ঠিত হয়:

| ক্র:নং | প্রকল্পের নাম |
|---|---|
| ১. | রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ জেলা ব্যতিত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প |

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ডিপিইসি সভার কার্যবিবরণী ০২ (দুই) পৃষ্ঠা।

২৪।০৩।২১

(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৮০১২
ই-মেইল: planning1.lgd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। প্রধান, একনেক-এনইসি উইং, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

মুজিব MUJIB ১০০ 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক বাস্তবায়নাধীন "রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ জেলা ব্যতিত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হেলালুদ্দীন আহমদ<br>সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| স্থান | : | ভিডিও কনফারেন্সিং (ভার্চুয়ালি) এর মাধ্যমে |
| তারিখ ও সময় | : | ০৮/০৩/২০২১, দুপুর ১২.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

**১ উপস্থাপনাঃ**

১.১ সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) প্রকল্পটি উপস্থাপনপূর্বক বলেন যে, "রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ জেলা ব্যতিত) পল্লী অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি মোট ২০৮০.৪০ কোটি (দুই হাজার আশি কোটি চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং অক্টোবর ২০১৭ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৬/১২/২০১৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। তিনি বলেন, ৩৯.২৯ কোটি টাকা ব্যয় বৃদ্ধি (১.৮৯%) করে মোট ২১১৯.৬৯ (দুই হাজার একশত উনিশ কোটি উনসত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং বাস্তবায়ন মেয়াদকাল ১ বছর বৃদ্ধি করে অক্টোবর ২০১৭ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব দাখিল করা হয়েছে। পরিকল্পনা নীতিমালা অনুযায়ী সংশোধন প্রস্তাবটি অনুমোদনের সুপারিশ গ্রহণের নিমিত্ত অদ্যকার ডিপিইসি সভায় উপস্থাপন করা হয়েছে।

**১.২। আলোচনাঃ**

১.২.১ আলোচনার শুরুতেই সভাপতি প্রকল্প সংশোধনের কারণ জানতে চাইলে প্রধান প্রকৌশলী, এলজিইডি বলেন যে, বাস্তবতার নিরিখে কিছু ব্রীজের নির্মাণ স্থান ও দৈর্ঘ্য পরিবর্তন করা হয়েছে। মাঠ পর্যায়ে চাহিদার আলোকে এবং মাননীয় মন্ত্রী/সাংসদগণের নিকট হতে প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কিছু গুরুতপূর্ণ সড়ক/সড়কের অবশিষ্ট অংশ প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রকল্পের মূল ডিপিপি প্রণীত হয়েছিল ২০১৭ সালে রেট সিডিউল অনুযায়ী কিন্তু বর্তমানে ২০১৯ সালের রেইট সিডিউল কার্যকর হওয়ায় প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের ব্যয় প্রাক্কলন সে অনুযায়ী বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। এ সকল কারণেই প্রকল্পটির ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব করা হয়েছে।

১.২.২ প্রকল্প পরিচালক জানান যে, রেইট সিডিউল পরিবর্তন, পূর্ত কাজের হ্রাস/বৃদ্ধি, COVID-19 ভাইরাসজনিত মহামারীর কারণে কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি, এডিপি বরাদ্দের স্বল্পতা ইত্যাদি কারণে প্রকল্পটি ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনের প্রস্তাব করা হয়েছে। তিনি আরও বলেন, ফেব্রুয়ারী ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪১% এবং আর্থিক অগ্রগতি ৭৬০.৪৯ কোটি (সাতশত ষাট কোটি উনপঞ্চাশ লক্ষ) টাকা (৩৬.৫৬%)। তিনি জানান যে, গত ১৮/০১/২০২১ তারিখে উক্ত প্রকল্পের পিআইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পটির মেয়াদকাল ০১ (এক) বছর বৃদ্ধিসহ সংশোধনের সুপারিশ করা হয়।

১.২.৩ আইএমইডি'র প্রতিনিধি বলেন, অফিস ভবন নির্মাণ/সম্প্রসারণ অঙ্গে ২৫৮% ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে যা আপাতদৃষ্টিতে অধিক প্রতীয়মান হচ্ছে। এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির মূল ডিপিপি-তে রাজশাহী, বগুড়া, নওগাঁ, পাবনা ও নাটোরসহ ৫টি জেলায় অফিস ভবন নির্মাণ অঙ্গের আওতায় ৫টি ভবন নির্মাণ/সম্প্রসারণের সংস্থান রয়েছে। বাস্তবতার নিরিখে নকশা ও রেইট সিডিউল পরিবর্তনের ফলে উক্ত অঙ্গের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়েছে, যা যুক্তিযুক্ত। অতঃপর এ অঙ্গের ব্যয় বৃদ্ধির বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে প্রাক্কলিত ব্যয় নির্ধারণের জন্য সভায় একমত পোষণ করা হয়।

১.২.৪ পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন, সড়ক প্রশস্তকরণ অঙ্গে ৪৮.৬৯ কিঃমিঃ সড়ক বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে কিন্তু এ অঙ্গে ১১৯.৮৮ কোটি টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা যৌক্তিক নয় মর্মে প্রতীয়মান হচ্ছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, মূল ডিপিপিতে প্রতি কিঃ মিঃ সড়ক প্রশস্তকরণে ব্যয় নির্ধারণ ছিল ৪০

লক্ষ টাকা, যা প্রয়োজনের তুলনায় অনেক কম। বাস্তবতার নিরিখে বর্তমান নকশা ও রেট সিডিউল অনুযায়ী এ অঙ্গের প্রতি কিঃমিঃ উন্নয়নের জন্য ৯০ লক্ষ টাকা প্রয়োজন বিধায় এ অঙ্গের ক্ষেত্রে কার্যক্রম হ্রাস পেলেও ব্যয় বৃদ্ধি পেয়েছে। অতঃপর এ অঙ্গের ব্যয় বৃদ্ধির বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে প্রাক্কলিত ব্যয় নির্ধারণের জন্য সভায় একমত পোষণ করা হয়।

১.২.৫ অর্থ বিভাগের প্রতিনিধি বলেন, প্রকল্পের মূল ডিপিপি-তে ব্রীজ নির্মাণ (গ্রাম সড়ক/ইউনিয়ন সড়ক/ উপজেলা সড়ক) বাবদ প্রতি মিটারে ব্যয় প্রাক্কলন করা হয়েছিল ৮.০০ লক্ষ টাকা। প্রস্তাবিত আরডিপিপি-তে উপজেলা সড়কে অতিরিক্ত ১৫ মিটার ব্রীজ নির্মাণে ব্যয় প্রাক্কলন করা হয়েছে ২.৫৩ কোটি টাকা। অর্থাৎ প্রতি মিটারে ব্যয় ১৬.৮৬ লক্ষ টাকা। ইউনিয়ন সড়কে ১৩৫ মিটার ব্রীজ নির্মাণ বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে। এক্ষেত্রে টাকা সাশ্রয়ের পরিমাণ দেখানো হয়েছে ২৬.৫৬ কোটি টাকা। অর্থাৎ প্রতি মিটারে প্রায় ১৯.৬৭ লক্ষ টাকা। এ বিষয়গুলো সুস্পষ্টিকরণ প্রয়োজন। অতঃপর ব্রীজ নির্মাণ অঙ্গের প্রাক্কলিত ব্যয় নির্ধারণের বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক আরডিপিপি পুনর্গঠনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

১.২.৬ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত, চলমান এবং বাস্তবায়নযোগ্য অবশিষ্ট স্কীমের পৃথক তালিকা যথাক্রমে প্রকৃত খরচ, চুক্তিমূল্য এবং প্রাক্কলিত ব্যয়সহ প্রস্তাবিত আরডিপিপিতে সন্নিবেশিত করা প্রয়োজন।

১.২.৭ অতঃপর বিস্তারিত আলোচনান্তে, প্রকল্পভুক্ত বিভিন্ন অঙ্গের সংশোধিত ব্যয় প্রাক্কলন আরোও পর্যালোচনাপূর্বক আরডিপিপি প্রেরণের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

**১.৩। সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ প্রতিপালন সাপেক্ষে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিসহ ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।**

১.৩.১ প্রস্তাবিত আরডিপিপি'র বিভিন্ন অংগের হ্রাস/বৃদ্ধির যৌক্তিকতা সন্নিবেশিত করতে হবে;

১.৩.২ এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত, চলমান এবং বাস্তবায়নযোগ্য অবশিষ্ট স্কীমের পৃথক তালিকা যথাক্রমে প্রকৃত খরচ, চুক্তিমূল্য এবং প্রাক্কলিত ব্যয়সহ প্রস্তাবিত আরডিপিপিতে সন্নিবেশিত করতে হবে;

১.৩.৩ অফিস ভবন নির্মাণ/সম্প্রসারণ, সড়ক প্রশস্তকরণ এবং ব্রীজ নির্মাণ অঙ্গসহ সকল অঙ্গের ব্যয় বৃদ্ধির বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক ব্যয় পুনঃনির্ধারণ করে আরডিপিপি পুনর্গঠন করতে হবে;

১.৩.৪ সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুসরণপূর্বক প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিসহ আরডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণ করতে হবে।

১.৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/৩/2021

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি।